রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, নভেম্বর ২৬, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১১ অগ্রহায়ণ, ১৪৩১/ ২৬ নভেম্বর, ২০২৪

**এস.আর.ও. নম্বর ৩৯৮-আইন/২০২৪।**—সরকার এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে যে গত ১৮ নভেম্বর ২০২৪ তারিখে গঠিত নারী বিষয়ক সংস্কার কমিশন, শ্রম সংস্কার কমিশন, স্থানীয় সরকার সংস্কার কমিশন, গণমাধ্যম সংস্কার কমিশন এবং স্বাস্থ্যখাত সংস্কার কমিশন-এর কমিশন প্রধানগণ বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের বিচারপতির মর্যাদা, বেতন-ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হইবেন।

২।	উক্ত কমিশনসমূহের সদস্যগণ যাহারা প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত নহেন তাহারা কমিশনের প্রত্যেক সভায় অংশগ্রহণের জন্য ১০ (দশ) হাজার টাকা সম্মানি এবং যাহারা প্রজাতন্ত্রের কর্মে নিয়োজিত তাহারা কমিশনের প্রত্যেক সভায় অংশগ্রহণের জন্য ৫ (পাঁচ) হাজার টাকা সম্মানি প্রাপ্য হইবেন:

তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন।

৩।	ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. শেখ আব্দুর রশীদ
মন্ত্রিপরিষদ সচিব

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০